

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.১৯৬.১৯.

তারিখ: ২৪ ডিসেম্বর, ২০১৯ খ্রি
০৯ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ

প্রেরকঃ উপ-পরিচালক (কাবিখা-২)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ (১) বিভাগীয় কমিশনার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

(২) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।

বিষয়ঃ ২০১৯-২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় বিভাগীয় কমিশনারদের অনুকূলে সোলার হোম সিস্টেম খাতে ২য় কিস্তির নগদ অর্থের বরাদ্দ প্রদান।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১০/১২/২০১৯ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৯-৪৪৩ নং মঞ্জুরী আদেশের আলোকে ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্লান্ট ও উন্নত চুলা প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত ২য় কিস্তিতে সোলার খাতে বিভাগের পার্শ্বে উল্লিখিত পরিমাণ নগদ অর্থের বরাদ্দ প্রদান করা হলো।

২। এই ব্যয় বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

৩। বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র দ্রুত সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারদের অনুকূলে প্রদানের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	বিভাগের নাম	২য় কিস্তিতে বরাদ্দের পরিমাণ
১।	ঢাকা (জেলা ১৩টি)	৭৩,০০,৩৫০.৫৮ টাকা
২।	চট্টগ্রাম (জেলা ১১টি)	৬১,৭৭,২১৯.৭৩ টাকা
৩।	রাজশাহী (জেলা ০৮টি)	৪৪,৯২,৫২৩.৪৪ টাকা
৪।	খুলনা (জেলা ১০টি)	৫৬,১৫,৬৫৪.৩০ টাকা
৫।	বরিশাল (জেলা ০৬টি)	৩৩,৬৯,৩৯২.৫৮ টাকা
৬।	সিলেট (জেলা ০৪টি)	২২,৪৬,২৬১.৭২ টাকা
৭।	রংপুর (জেলা ০৮টি)	৪৪,৯২,৫২৩.৪৪ টাকা
৮।	ময়মনসিংহ (জেলা ০৪টি)	২২,৪৬,২৬১.৭২ টাকা
	মোট=	৩,৫৯,৪০,১৮৭.৫০ টাকা (তিন কোটি উনষাট লক্ষ চল্লিশ হাজার একশত সাতাশি দশমিক পাঁচ শূন্য)

শর্তসমূহঃ-

- (১) ২য় কিস্তির প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সময়সীমা আগামী ৩১/০৩/২০২০খ্রি.;
- (২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও টিআর নির্দেশিকা-২০১৪ এবং সোলার কার্যক্রম সংক্রান্ত নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৩) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচির নির্দেশিকার ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ডিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে যাতে কর্মসূচির জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
- (৫) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা করতে হবে;

- (৬) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
- (৭) বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করতে হবে। অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- (৮) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে;
- (৯) প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি নির্ধারিত ছকে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
- (১০) বাস্তবায়িত প্রকল্পের মাস্টার রোল সমন্বয়ান্তে চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে এবং নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।
- (১২) সোলার প্রকল্প গ্রহণের ক্ষেত্রে দুর্যোগ সহনীয় বাসগৃহে সোলার হোম সিস্টেম স্থাপন কার্যক্রমে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ০৪। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

(মো. মনিরুজ্জামান)
(উপসচিব)

উপ পরিচালক (কাবিখা-২)

ফোন- ৫৮৮১৫৫৬০

Email: ddmreport@gmail.com

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.১৯৬.১৯.

তারিখ: ২৪ ডিসেম্বর, ২০১৯ খ্রি.
০৯ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা
- ২। জেলা প্রশাসক,(সকল)।
- ৩। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [ibas++এ অর্থ প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।]
- ৪। পরিচালক (মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৫। উপজেলা চেয়ারম্যানজেলা.....
- ৬। উপজেলা নির্বাহী অফিসারজেলা.....
- ৭। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। [পত্রটি অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]
- ৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা(সকল) [উল্লেখিত অর্থ ibas++এ ছাড় করণের জন্য উপ-বরাদ্দের কপি ddmreport@gmail.com এ ই-মেইল প্রেরণে অনুরোধসহ]।
- ৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তাজেলা.....

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক (IDCOL), ইউটিসি ভবন, ১৬ তলা, ৮ পাশ্চপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মো. মনিরুজ্জামান)
(উপসচিব)

উপ পরিচালক (কাবিখা-২)

ফোন- ৫৮৮১৫৫৬০

Email: ddmreport@gmail.com